



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি কতিপয় নির্দেশনা :

- ১। ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে ১০ মিনিট সময় ব্যবধান থাকবে।
- ২। প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি) ২০১৬ উত্তরপত্র আলাদাভাবে হলুদ রং এর কাপড়ে বান্ডিল করে “বিমাকৃত পার্সেলে” অথবা হাতে হাতে পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদাভাবে “জনাব মাধব চন্দ্র রুদ্র, পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর” বরাবর প্রেরণ করতে হবে।
- ৩। পরীক্ষা শেষে OMR এর উপরের অংশ কেন্দ্র হতে বোর্ডে প্রেরণের সময় বিষয়ওয়ারি পৃথক পৃথক প্যাকেটে প্রেরণ করতে হবে।
- ৪। বোর্ড হতে কেন্দ্রে প্রেরিত অলিখিত উত্তরপত্রের OMR এর লিখো কোড না থাকলে অথবা OMR অস্পষ্ট হলে তা ব্যবহার করা যাবে না। পরীক্ষা শুরুর পূর্বেই সেগুলি বাছাই করে বাদ দিতে হবে।
- ৫। ইংরেজি ভাষন লিখিত উত্তরপত্র কেন্দ্র হতে বোর্ডে প্রেরণের সময় বিষয়ওয়ারি হলুদ রং এর কাপড়ে বান্ডিল করে “জনাব মাধব চন্দ্র রুদ্র, পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর” বরাবর “বিমাকৃত পার্সেলে” অথবা হাতে হাতে প্রেরণ করতে হবে। তবে বান্ডিলের উপর অবশ্যই “ইংরেজি ভাষন উত্তরপত্র” কথাটি মার্কার কলম দিয়ে বড় করে বান্ডিল লেবেলের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- ৬। পরীক্ষার্থীর হাজিরাপত্রে (স্বাক্ষরপত্র) অতিরিক্ত উত্তরপত্র গ্রহণের ঘরে অতিরিক্ত উত্তরপত্রের সিরিয়াল নং লেখা যাবে না। কেবলমাত্র কয়টি অতিরিক্ত উত্তরপত্র গ্রহণ করেছে সে সংখ্যাটি লিখতে হবে। সৃজনশীল এবং বহুনির্বাচনী বিষয়ে পরীক্ষায় ছাত্র/ছাত্রীদের হাজিরাপত্রে স্বাক্ষরের ঘরে পৃথক পৃথক করে স্বাক্ষর করতে হবে।
- ৭। বহিস্কৃত খাতা বোর্ডের গোপনীয় শাখায় হাতে হাতে জমা দিতে হবে। বহিস্কৃত খাতা ডাকে প্রেরণ করতে হলে হলুদ রং এর কাপড় দিয়ে বান্ডিল করে “জনাব মাধব চন্দ্র রুদ্র, পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর” বরাবর “বিমাকৃত পার্সেলে” অথবা হাতে হাতে প্রেরণ করতে হবে।
- ৮। বহিস্কৃত উত্তরপত্রের সাথে গোপনীয় বিবরণী, নকলের কাগজপত্রে কক্ষ পরিদর্শকের স্বাক্ষরসহ প্রতিবেদন জমা দিতে হবে। কোন পরীক্ষার্থী নকল করলে উত্তরপত্রে নকলের লেখাগুলো লাল কালি দিয়ে আন্ডার লাইন দিতে হবে। গোপনীয় বিবরণীতে নকলের বিবরণ সম্পর্কে স্পষ্টভাবে লিখতে হবে।
- ৯। হাজিরা পত্র বোর্ডে প্রেরণের সময় রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে একশত করে সেলাই করে একত্রে কেন্দ্র ভিত্তিক প্যাকেট করে বোর্ডে প্রেরণ করতে হবে।
- ১০। কেন্দ্রের ব্যবহারিক উত্তরপত্র, হাজিরাপত্র, অনুপস্থিত বিবরণী ও ব্যবহারিক নম্বর ফর্দ পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থায় ডাকে প্রেরণ করা যাবে না।
- ১১। প্রতিষ্ঠানের ভুলের কারণে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত প্রবেশপত্র ইস্যু হয়। কেন্দ্র ফিস আদায়ের সময় কতজন পরীক্ষার্থীর পরীক্ষার ফি জমা দিয়েছে সে অনুসারে টাকা জমা দেয়ার ডকুমেন্ট দেখে কেন্দ্র ফিস আদায় করবেন এবং অতিরিক্ত প্রবেশপত্র বাতিলের জন্য লিখিতভাবে বোর্ডে ফেরত দেয়ার পরামর্শ দিবেন।
- ১২। বহিস্কার তালিকা হাতে হাতে গোপনীয় বিভাগের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট জমা দিতে হবে।
- ১৩। পরীক্ষার হাজিরাপত্র স্বাক্ষরের সময় নিবন্ধন নম্বর, রোল নম্বর ও বিষয় কোড মিলিয়ে সংশ্লিষ্ট কক্ষের কক্ষ পরিদর্শক হাজিরাপত্রে স্বাক্ষর করবেন।
- ১৪। পরীক্ষার্থী OMR পূরণে ভুল করলে ভুলের বিবরণসহ প্রতিষ্ঠান প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে জরুরীভাবে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১৫। কেন্দ্র হতে লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণের সময় বান্ডিল লেবেলের সাথে প্যাকেটের ভিতরে বিষয় কোড ও উত্তরপত্রের ছবছ মিল থাকতে হবে।
- ১৬। কেন্দ্র থেকে লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণের সময় কোন অবস্থায় দু’টি বিষয়ের উত্তরপত্র একটি বান্ডিলে প্রেরণ করা যাবে না। বিষয়ওয়ারি পৃথক পৃথক বান্ডিলে হালকা নীল রংয়ের কাপড় মুড়ে সিলগালা করে প্রেরণ করতে হবে।
- ১৭। পরীক্ষার উত্তরপত্র ও OMR প্রেরণের সময় শিরোনামা পত্র ৪ কপির স্থলে ২ কপি তৈরী করে এক কপি OMR এর সাথে এবং অপরটি কেন্দ্রে অবশ্যই সংরক্ষণ করতে হবে।
- ১৮। কেন্দ্রের অনুপস্থিত বিবরণী পরীক্ষার তারিখ অনুযায়ী একই শিটে পৃথক পৃথক করে লিখতে হবে।

মাধব চন্দ্র রুদ্র

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোনঃ ০৪২১-৬৮৬৬৬